# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০২৮

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৭. দ্বিতীয় অনুচ্ছেদ - হাদিয়া (উপহার) ও হিবার (অনুদান) প্রসঙ্গে

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «تهادوا فَإِنَّ الْهَدِيَّةَ تُذْهِبُ وَحَرَ الصَّدْرِ وَلَا تَحْقِرَنَّ جَارَةٌ لجارتها وَلَا شقّ فرسن شَاة» . رَوَاهُ التِّرْمِذِيّ

## বাংলা

৩০২৮-[১৩] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা একে অপরকে হাদিয়া দাও, কেননা হাদিয়া অন্তরের বিদ্বেষ, প্রচণ্ড ক্রোধ, শত্রুতা দূর করে। এক প্রতিবেশিনী অপর প্রতিবেশিনীকে হাদিয়া (উপহার) দিতে যেন কোনো প্রকার অবহেলা না করে এবং কেউ যেন হাদিয়া-কে সামান্য (তুচ্ছ) মনে না করে- যদিও তা এক টুকরা ছাগলের খুর হয়। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ২১৩০, য‘ঈফ আল জামি‘ ২৪৮৯। কারণ এর সনদে আবূ মা‘শার নাযীহ একজন দুর্বল রাবী। তবে হাদীসের ২য় অংশ সহীহ।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَحَرَ الصَّدْرِ) অর্থাৎ- অন্তরের বিদ্বেষ। একমতে বলা হয়েছে, বিদ্বেষ এবং রাগ। অন্যমতে বলা হয়েছে, মারাত্মক রাগ। আরো একমতে বলা হয়েছে, শত্রুতা। এভাবে নিহায়াহ্ গ্রন্থে আছে, (وَلَا تَحْقِرَنَّ جَارَةٌ لِجَارَتِهَا) উহ্য ভাষ্য হবে- (لَا تَحْقِرَنَّ جَارَةٌ هَدِيَّةً مُهْدَاةً لِجَارَتِهَا) অর্থাৎ- কোনো প্রতিবেশিনী যেন তার নিবেদিত উপহার তার প্রতিবেশিনীকে দিতে তুচ্ছ মনে না করে। ত্বীবী একে উল্লেখ করেছেন। নিহায়াহ্ গ্রন্থে আরো আছে, (الْجَارَةُ الضَّرَّةُ) অর্থাৎ- সতীন প্রতিবেশিনী। এটা মূলত তাদের উভয়ের মাঝে সান্নিধ্য থাকার কারণে। প্রতিবেশিনী তার সতীনের ভালো লক্ষ্য করে, অতঃপর ঐ ভালো তাকে রাগান্বিত করে।(وَلَوْ شِقُّ فِرْسَنِ شَاةٍ) অর্থাৎ- পায়ের খুরের অর্ধেক অথবা তার কিছু অংশ। যেমন- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা আগুন থেকে বেঁচে থাকো, যদিও খেজুরের অংশ দিয়ে হয়। فِرْسَنِ বলতে অল্প গোশত বিশিষ্ট হাড় আর তা হলো উট এবং ছাগলের

খুর। কাযী বলেন, উট এবং ছাগলের খুর যে কোনো চতুস্পদ জন্তুর খুরের স্তরে। অত্র হাদীসে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মানুষকে ঐ দিকে নির্দেশনা করেছেন যে, একে অপরকে উপহার দেয়া বিদ্বেষসমূহ দূর করে, অতঃপর এ ব্যাপারে তিনি অধিক গুরুত্বারোপ করেছেন এমনকি সর্বাধিক তুচ্ছ বস্তুও উল্লেখ করেছেন, কেননা তিনি প্রতিবেশিনীকে সতীনের সাথে তুলনা করেছেন। ইবনুল মালিক বলেন, অর্থাৎ- প্রতিবেশিনীর কাছে থাকা খাদ্য অপর প্রতিবেশিনীর কাছে পাঠাও যদিও তা অল্প জিনিস হয়। মিরকাতুল মাফাতীহ প্রণেতা বলেন, আমি বলবঃ ইবনু ‘আদী ইবনু ‘আব্বাস হতে ‘‘কামিল’’ গ্রন্থে যা বর্ণনা করেছেন তা একে সমর্থন করছে। আর তা হলো, তোমরা তোমাদের মাঝে একে অপরকে খাদ্য উপহার দাও। কেননা উপহার, রিযক বৃদ্ধি করে। ত্ববারানী উম্মু হাকীম হতে বর্ণনা করেন, তোমরা একে অপরকে উপহার দাও, কেননা উপহার ভালোবাসাকে বহুগুণে বৃদ্ধি করে এবং অন্তরের বিদ্বেষ দূর করে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68355

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন